# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬১৩৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب مَنَاقِبِ أَهْلِ)

### আরবী

عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ: لَمَّا نزلت هَذِه الْآيَة [ندْعُ أبناءنا وأبناءكم] دَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلِيًّا وَفَاطِمَةَ وَحَسَنًا وَحُسَيْنًا فَقَالَ: «اللَّهُمَّ هَؤُلَاءِ أهل بَيْتِي» رَوَاهُ مُسلم

رواه مسلم (32 / 2404)، (6220) ـ

(صَحِيح)

### বাংলা

৬১৩৫-[১] সা’দ ইবনু আবূ ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন (ندْعُ أبناءنا وأبناءكم) “আসো আমরা আহ্বান করি আমাদের পুত্রগণকে ও তোমাদের পুত্রগণকে”- (সূরাহ আ-লি ইমরান ৩: ৬১); আয়াত অবতীর্ণ হলো, তখন রাসূলুল্লাহ (সা.) ’আলী, ফাতিমা ও হাসান এবং হুসায়ন (রাঃ)-কে আহ্বান করে বললেন, হে আল্লাহ! এরা সকলে আমার আহলে বায়ত। (মুসলিম)

### ফুটনোট

সহীহ: মুসলিম ৩২-(২৪০৪), তিরমিযী ৩২০৫, সিলসিলাতুস সহীহাহ ১৯০৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২১০৩, মুসনাদে আহমাদ ১৭০২৯, আবূ ইয়া'লা ৭০২১, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮৪০৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৮২১৬, আল মু'জামুল আওসাত্ব ৪০৭১, আল মুসতাদরাক লিল হাকিম ৩৫৫৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন